একটা লোক বলল, ‘হে আল্লাহর রসূল! আমাদের মধ্য থেকে কোন লোক তার ভাইয়ের সাথে কিম্বা তার বন্ধুর সাথে সাক্ষাৎ করলে তার সামনে কি মাথা নত করবে?’

আনাস রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, একটা লোক বলল, ‘হে আল্লাহর রসূল!
আমাদের মধ্য থেকে কোন লোক তার ভাইয়ের সাথে কিম্বা তার বন্ধুর সাথে সাক্ষাৎ করলে
তার সামনে কি মাথা নত করবে?’ তিনি বললেন, “না।” সে বলল, ‘তাহলে কি তাকে জড়িয়ে ধরে চুমা দেবে?’ তিনি বললেন, “না।” সে বলল, ‘তাহলে কি তার হাত ধরে তার সঙ্গে মুসাফাহা করবে?’
তিনি বললেন, “হ্যাঁ।”
[হাসান] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

কোনো ব্যক্তির তার ভাইয়ের সাথে সাক্ষাতকালে মাথা নত করা সম্পর্কে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞাসা করা হলো, তিনি বললেন, তার জন্য মাথা নত করবে না। প্রশ্নকারী বলল, মাথা নত না করে তাকে জড়িয়ে ধরবে এবং মু‘আনাকা করবে? তিনি বললেন, না, প্রশ্নকারী বললেন, তার সাথে মুসাফাহা করবে কি? তিনি বললেন হ্যাঁ।

https://sunnah.global/hadeeth/bn/show/6108